

## 2.4.12. প্রেষণা হ্রাসের কারণসমূহ

### (Causes of diminishing of Motivation)

বিভিন্ন কারণে প্রেষণা হ্রাস পেতে পারে। এইসব কারণগুলির মধ্যে উল্লেখযোগ্য হল—

- **উদ্বেগ:** কোনো ব্যক্তি বা শিক্ষার্থীর মধ্যে যদি উদ্বেগ থাকে তবে তার প্রেষণা হ্রাস পাবে।
- **কাজের কাঠিন্য:** কাজটি যদি কঠিন হয়, বা যদি খুব সহজ হয় তাহলে প্রেষণা কমে।
- **আগ্রহ:** কোনো বিষয় বা বস্তুতে আগ্রহ কম হলে ব্যক্তির ওই বিষয় বা বস্তুতে প্রেষণা কমে যায়। যেমন—যেসব শিক্ষার্থী অঙ্কে কাঁচা তারা অঙ্কে কম আগ্রহী, ফলে তারা অঙ্কে কোনো প্রেষণা পায় না।
- **কৌতূহলের অভাব:** কোনো বিষয়ে যদি কৌতূহল জাগানো না যায় তবে সেই বিষয়ে আগ্রহ সৃষ্টি করা যাবে না, ফলে প্রেষণা হ্রাস পাওয়ার সম্ভাবনা।
- **অতি অসহায়ত্ব:** বিভিন্ন মনোবিদের পরীক্ষার দ্বারা প্রমাণিত হয়েছে কোনো ব্যক্তি যদি কোনো বিষয়ে একাধিকবার ব্যর্থ হয় তাহলে সেই বিষয়ের প্রতি সে আগ্রহ হারিয়ে ফেলে। ব্যর্থতার ফলে তার মধ্যে এক ধরনের অসহায়তার সৃষ্টি হয়। ফলে সেই কাজে সে প্রেষণা হারিয়ে ফেলে। অসহায়তার ফলে শিক্ষার্থীরা হতাশাগ্রস্ত,

- বিষাদগ্রস্ত হয়ে পড়ে ও তারা হীনমূল্যতা বোধের শিকার হয়। এইসব আসের প্রেষণায় বাধা সৃষ্টি করে।
- **প্রক্ষোভ:** বিভিন্ন ধরনের প্রক্ষোভ যথা—ভয়, রাগ ইত্যাদি ব্যক্তির প্রেষণার অন্তরায় সৃষ্টি করে।
  - **মানসিক দুর্বলতা:** যেসব ব্যক্তি পরিবেশ অনুযায়ী নিজেদের নিয়ন্ত্রণ করতে পারে না, যারা নিজেদের দুর্বলতাগুলিকে বড়ো করে দেখে, নিজের যোগ্যতা সম্বন্ধে সন্দেহান তারা আত্মবিশ্বাস হারিয়ে ফেলে। কোনো কাজ করতে বাধা পড়লে সেই ফলে ওই কাজে তারা প্রেষণা হারায়।
  - **পরিবেশ:** পরিবেশ যদি যথোপযুক্ত না হয়, (এক্ষেত্রে পরিবেশ বলতে ব্যক্তির পারিবারিক, সামাজিক পরিবেশকে বোঝানো হয়েছে এবং শিক্ষার্থীদের ক্ষেত্রে শ্রেণিকক্ষের পরিবেশ, পারিবারিক, সামাজিক পরিবেশকে বোঝানো হয়েছে) তবে ব্যক্তি বা শিক্ষার্থীর কাজের প্রেষণা হ্রাস পায়। পারিপার্শ্বিক সহযোগিতা, সহমর্মিতা, পারস্পরিক বিশ্বাস, দলগত উৎসাহের অভাবে প্রেষণা হ্রাস পায়।
  - **শারীরবৃত্তীয় চাহিদা:** যে চাহিদা কোনো ব্যক্তির জীবনধারণের জন্য অত্যন্ত প্রয়োজনীয় সেই চাহিদাগুলির পরিতৃপ্তি না হলে কাজে প্রেষণা কমে।
  - **নিরাপত্তার চাহিদা:** সুরক্ষা, স্থায়িত্ব, ভয় থেকে মুক্তি, উদ্বেগহীনতা ইত্যাদি বৈশিষ্ট্যগুলি নিরাপত্তার চাহিদার অন্তর্ভুক্ত। নিরাপত্তার চাহিদা পূরণ প্রেষণার পক্ষে ইতিবাচক। নিরাপত্তাহীনতার কারণে প্রেষণা হ্রাস পায়।
  - **ভালোবাসা বা একাত্মতার চাহিদা:** যদি কোনো ব্যক্তি বা শিক্ষার্থী একাকীত্ববোধ করে, ব্যক্তি যদি সমাজ থেকে বিচ্ছিন্ন হয়ে যায় বা শিক্ষার্থী যদি সহপাঠীদের থেকে বিচ্ছিন্ন হয়, শিক্ষার্থী যদি বড়োদের প্রশংসা থেকে বঞ্চিত হয়, সেক্ষেত্রে শিক্ষার্থীদের মধ্যে প্রেষণার উন্মেষ বাধা পায়।
  - **আত্মসম্মানের চাহিদা:** ব্যক্তি বা শিক্ষার্থীদের যথোপযুক্ত আত্মসম্মানবোধ জাগ্রত না হলে বিভিন্ন কাজে প্রেষণার ঘাটতি দেখা যায়। কারণ, আত্মসম্মানের চাহিদা যথাযথভাবে পূরণ না হলে ব্যক্তি পরবর্তী উচ্চতর চাহিদা পূরণ করতে আগ্রহী হবে না।
  - **আত্মপ্রতিষ্ঠার চাহিদা:** প্রত্যেক ব্যক্তি চায় নিজেকে প্রতিষ্ঠিত করতে। ব্যক্তি যদি নিজেকে প্রতিষ্ঠিত করতে সফল না হয় তবে সে পরবর্তী কাজে প্রেষণা পায় না।